

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত

ঢাকা, ১৩ কার্তিক (২৮ অক্টোবর):

বস্ত্র ও পাট মন্ত্রী মুহা. ইমাজ উদ্দিন প্রামাণিক এর সভাপতিত্বে আজ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) সমূহ বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।


বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শামীমা সুলতানার পরিচালনায় অনুষ্ঠিত সভায় জানানো হয় ২০১৪-১৫ অর্থ বছরে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের এডিপিভুক্ত মোট ১৫ টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত ১৬৬ কোটি ৮৬ লক্ষ টাকার মধ্যে ৩৫ কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার টাকা অবমুক্ত করা হয়েছে এবং ২৩ কোটি ৬৩ লক্ষ ৪০ হাজার টাকা মূল্যমানের কাজ সম্পাদিত হয়েছে যা অবমুক্ত টাকার ৬৬.৩৭%।

সভায় জানানো হয় এডিপিভুক্ত ১৫টি প্রকল্পের মধ্যে বস্ত্র পরিদপ্তর ৭টি, বাংলাদেশ তাঁত বোর্ড ৩টি, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ২টি, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট ১টি, পাট অধিদপ্তর ১টি এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় ১টি প্রকল্প বাস্তবায়ন করছে। এছাড়া বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন নিজস্ব অর্থায়নে ১টি প্রকল্প বাস্তবায়ন করছে।

সভায় মন্ত্রী প্রকল্প পরিচালকদের নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে প্রকল্প বাস্তবায়ন করার নির্দেশ দেন এবং প্রকল্প বাস্তবায়নে যাতে কোন অনিয়ম ও দুর্নীতি না হয় সে দিকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সজাগ থাকতে বলেন। এছাড়া তিনি ভাল ভাল কাজ করে মন্ত্রণালয়ের ভাবমূর্তি বৃদ্ধি করার পরামর্শ দেন।

সভায় প্রতিমন্ত্রী মির্জা আজম বস্ত্র ও পাট খাতের উন্নয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নতুন নতুন প্রকল্প প্রনয়ণের তাগিদ দেন এবং মন্ত্রণালয়ের কাজকর্মকে আরো গতিশীল করে রেশম, তাঁত ও পাট শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার পরামর্শ দেন।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাসহ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা, প্রকল্প পরিচালক এবং প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ এ সভায় উপস্থিত ছিলেন।


২৮/১০/২০১৪

মো. রেজাউল করিম

জনসংযোগ কর্মকর্তা

ফোন: ৯৫৪০৬২৮

মোবাইল: ০১৯১৩২৯৫৭১৮

rezaulki77@gmail.com